ঝিনাইদহে এক কৃষকের ধরন্ত লাউগাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

ঝিনাইদহ সদরে এক কৃষকের ১ বিঘা জমির ধরন্ত লাউগাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার রাতে সদর উপজেলার উত্তর কাস্টসাগরা গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্থ কৃষক ভূপতিপুর গ্রামের আলতাফ মিয়া জানান, পার্শবর্তী উত্তর কাস্টসাগরা গ্রামের মাঠে ১ বিঘা জমি লীজ নিয়ে দেড় মাস আগে লাউগাছ লাগিয়েছিলেন। গত সপ্তাহে কিছু লাউ বিক্রি করেছেন। শুক্রবার সকালে আবারো লাউ তুলতে দিয়ে দেখেন তার জমির সকল লাউ গাছ কাটা। বৃহস্পতিবার রাতে কে বা কারা এ ঘটনা ঘটিয়েছে। এতে তার প্রায় ২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানিয়েছন তিনি। পুর্ব শত্রুতার জেরে প্রতিপক্ষ প্রতিবেশীরা এ ঘটনা ঘটাতে পারে বলে ধারনা করছেন কৃষক আলতাফ মিয়া।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, লাউগাছ কাটার ঘটনায় এখন পর্যন্ত থানায় কেউ অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।